গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(রাজস্ব শাখা)
www.moulvibazar.gov.bd

# মৌলভীবাজার জেলার আগস্ট/২০২৩ মাসের রাজস্ব সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. উর্মি বিনতে সালাম, জেলা প্রশাসক, মৌলভীবাজার। |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মৌলভীবাজার। |
| সভার তারিখ | : | ২৭/০৮/২০২৩ খ্রিস্টাব্দ। |
| সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট ''ক''। |

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জানানো হয় যে, গত জেলা রাজস্ব সভা ২৩ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**১. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:**

২৩ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত জেলা রাজস্ব সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:

| সভার তারিখ | গৃহীত সিদ্ধান্তের সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার | যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন হয় নি তার সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|
| ২৩ জুলাই ২০২৩ | ৭৩ | ৬৮ | ৯৩.১৫% | ১.বিগত সভার কার্যবিবরণীর ৮.১ অনুচ্ছেদের (ঘ)নং সিদ্ধান্ত: ২৮ দিনের উর্ধ্বে পেন্ডিং ই-নামজারি মামলার হার ১০% এর নিচে নামানো নিশ্চিতকরণ ।<br>২. বিগত সভার কার্যবিবরণীর ৮.৩ অনুচ্ছেদের (ক)নং সিদ্ধান্ত: ২০২২-২০২৩ অর্থবছরের সকল নামজারি খতিয়ান ১০০টি করে বাইন্ডিংপূর্বক ৩০/০৭/২০২৩ খ্রি. এর মধ্যে জেলা রেকর্ডরুমে প্রেরণ ।<br>৩. বিগত সভার কার্যবিবরণীর ১০.২ অনুচ্ছেদের (ক)নং সিদ্ধান্ত: প্রতি মাসে একটি মৌজার ভলিউম যাচাইক্রমে কোনো সরকারি সম্পত্তি ব্যক্তি মালিকানায় রেকর্ড হয়েছে কি না সে সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।<br>৪.বিগত সভার কার্যবিবরণীর ১০.৪ অনুচ্ছেদের (গ) ও (ঙ)নং সিদ্ধান্ত:<br>□ হাট-বাজারসমূহে অবৈধ ভোগ দখলকারীদের উচ্ছেদ সংক্রান্ত।<br>□ চান্দিনা ভিটির সংখ্যা পুনরায় যাচাইপূর্বক তালিকা প্রেরণ সংক্রান্ত। |

**২. সংস্থাপন বিষয়াদি সম্পর্কিত:**

২.১ বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংক্রান্ত:

জেলার রাজস্ব বিভাগের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তি সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| জেলার নাম | ২০২২ | | মন্তব্য |
|---|---|---|---|
| | আছে | নাই | |
| মৌলভীবাজার | ৯৫ | - | |

২.২ রাজস্ব বিভাগের জনবলের তথ্য:

২.২.১ রাজস্ব শাখার জনবলের তথ্য:

| ক্র. | পদের নাম | মঞ্জুরীকৃত | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | রেভিনিউ ডেপুটি কালেক্টর | ১ | ১ | --- | ক) ৫নং ক্রমিকে বর্ণিত উচ্চমান সহকারী (উপ সহকারী প্রশাসনিক কর্মকর্তা) পদের বিপরীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে নিয়োগকৃত ১জন সাধারণ প্রশাসনের কর্মচারী দায়িত্ব পালন করছেন।<br>খ) রাজস্ব প্রশাসনে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক মোট ৩৪টি পদের মধ্যে ৩০% (১০টি) পদ নিয়োগবিধি অনুযায়ী পদোন্নতির নিমিত্ত সংরক্ষিত।<br>গ) রাজস্ব প্রশাসনে সরাসরি নিয়োগযোগ্য পদের মধ্যে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ০১টি পদ ১০% সংরক্ষণ নীতিমালার আওতায় সংরক্ষিত।<br>ঘ) রাজস্ব বিভাগের অধীনে ১৬তম গ্রেডের ২৩টি শূন্য পদ পূরণের নিমিত্ত নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। |
| ২. | উপ-সহকারী প্রকৌশলী | ১ | ১ | --- | |
| ৩. | কানুনগো | ১ | --- | ১ | |
| ৪. | সার্ভেয়ার | ১ | --- | ১ | |
| ৫. | উচ্চমান সহকারী | ১ | ১ | ০ | |
| ৬. | ড্রাফটসম্যান | ১ | --- | ১ | |
| ৭. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১০ | ৮ | ২ | |
| ৮. | কার্য সহকারী | ১ | --- | ১ | |
| ৯. | ট্রেসার | ১ | ১ | --- | |
| ১০. | অফিস সহায়ক | ৩ | ৩ | --- | |
| ১১. | চেইনম্যান | ২ | --- | ২ | |
| ১২. | নিরাপত্তা প্রহরী | ২ | ২ | --- | |
| | মোট= | ২৫ | ১৭ | ৮ | |

২.২.২ ভূমি অধিগ্রহণ শাখার জনবলের তথ্য:

| ক্র. | পদের নাম | মঞ্জুরীকৃত | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ভূমি অধিগ্রহণ কর্মকর্তা | ১ | ১ | -- | ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে নিয়োগকৃত ১ জন সাধারণ প্রশাসনের কর্মচারী (উপ প্রশাসনিক কর্মকর্তা) সংযুক্তিতে দায়িত্ব পালন করছেন।<br>খ) ৮নং ক্রমিকে বর্ণিত জারীকারক পদের বিপরীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে নিয়োগকৃত ১জন সাধারণ প্রশাসনের কর্মচারী দায়িত্ব পালন করছেন।<br>গ) ১২নং ক্রমিকে বর্ণিত পরিচ্ছন্নতা কর্মী পদের বিপরীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে নিয়োগকৃত ১ জন সাধারণ প্রশাসনের কর্মচারী দায়িত্ব পালন করছেন। |
| ২. | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা | ১ | ১ | --- | |
| ৩. | কানুনগো | ২ | ১ | ১ | |
| ৪. | সার্ভেয়ার | ৩ | ১ | ২ | |
| ৫. | উচ্চমান সহকারী | ১ | ০ | ১ | |
| ৬. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩ | ৩ | ০ | |
| ৭. | ট্রেসার | ১ | ০ | ১ | |
| ৮. | জারীকারক | ২ | ২ | --- | |
| ৯. | চেইনম্যান | ৬ | --- | ৬ | |
| ১০. | অফিস সহায়ক | ২ | ২ | --- | |
| ১১. | নিরাপত্তা প্রহরী | ১ | --- | ১ | |
| ১২. | পরিচ্ছন্নতা কর্মী | ১ | ১ | --- | |
| | মোট= | ২৪ | ১২ | ১২ | |

২.২.৩ রেকর্ডরুম শাখার জনবলের তথ্য:

| ক্র. | পদের নাম | মঞ্জুরীকৃত | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী কমিশনার (রেকর্ড রুম) | ১ | ১ | --- | ক) ৩নং ক্রমিকে বর্ণিত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের বিপরীতে ১ জন নাজির কাম ক্যাশিয়ার, ১ জন সার্টিফিকেট পেশকার ও ১ জন সার্টিফিকেট সহকারী সংযুক্তিতে দায়িত্ব পালন করছেন। |
| ২. | উচ্চমান সহকারী | ১ | ০ | ১ | |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৮ | --- | ৮ | |
| ৪. | অফিস সহায়ক | ৪ | ৪ | ০ | |
| | মোট= | ১৪ | ৫ | ৯ | |

২.২.৪ জেনারেল সার্টিফিকেট শাখার জনবলের তথ্য:

| ক্র. | পদের নাম | মঞ্জুরীকৃত | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | জেনারেল সার্টিফিকেট অফিসার | ১ | ১ | --- | ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে নিয়োগকৃত ১জন সাধারণ প্রশাসনের কর্মচারী (উপ সহকারী প্রশাসনিক কর্মকর্তা) সংযুক্তিতে দায়িত্ব পালন করছেন। |
| ২. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২ | ০ | ২ | |
| ৩. | অফিস সহায়ক | ১ | ১ | --- | |
| | মোট= | ৪ | ২ | ২ | |

২.২.৫ রেভিনিউ মুন্সিখানা শাখার জনবলের তথ্য:

| ক্র. | পদের নাম | মঞ্জুরীকৃত | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী কমিশনার (রেভিনিউ মুন্সিখানা) | ১ | ১ | --- | ক) ২নং ক্রমিকে বর্ণিত উচ্চমান সহকারী (উপ সহকারী প্রশাসনিক কর্মকর্তা) পদের বিপরীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে নিয়োগকৃত ১জন সাধারণ প্রশাসনের কর্মচারী দায়িত্ব পালন করছেন। |
| ২. | উচ্চমান সহকারী | ১ | ১ | ০ | |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪ | ০ | ৪ | |
| ৪. | অফিস সহায়ক | ১ | ১ | --- | |
| | মোট= | ৭ | ৩ | ৪ | |

২.২.৬ উপজেলা ভূমি অফিসে কর্মরত জনবলের তথ্য:

| ক্র. | পদের নাম | মঞ্জুরীকৃত | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী কমিশনার (ভূমি) | ৭ | ৭ | ০ | ক) ৮নং ক্রমিকে বর্ণিত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের বিপরীতে উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে নিয়োগকৃত ১জন সাধারণ প্রশাসনের কর্মচারী দায়িত্ব পালন করছেন। |
| ২. | কানুনগো | ৭ | --- | ৭ | |
| ৩. | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা | ৩২ | ১৪ | ১৮ | |
| ৪. | ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা | ৫৫ | ৩৬ | ১৯ | |
| ৫. | সার্ভেয়ার | ৭ | ৫ | ২ | |
| ৬. | হেড এ্যাসিস্ট্যান্ট কাম একাউন্ট্যান্ট | ৭ | ৭ | --- | |
| ৭. | নাজির কাম ক্যাশিয়ার | ৭ | ৪ | ৩ | |
| ৮. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৭ | ৫ | ২ | |
| ৯. | সার্টিফিকেট পেশকার | ৭ | ৪ | ৩ | |
| ১০. | সার্টিফিকেট সহকারী | ৭ | ৫ | ২ | |
| ১১. | ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী | ১৪ | ১০ | ৪ | |
| ১২. | মিউটেশন কাম সার্টিফিকেট সহকারী | ৭ | ৪ | ৩ | |
| ১৩. | জারীকারক | ১৪ | ১৪ | --- | |
| ১৪. | চেইনম্যান | ১৪ | ১৪ | --- | |
| ১৫. | অফিস সহায়ক | ২৬ | ২০ | ৬ | |
| ১৬. | গাড়ী চালক | ৭ | --- | ৭ | |
| | মোট= | ২২৫ | ১৪৯ | ৭৬ | |

আলাচনা: সভায় জানানো হয় যে, রাজস্ব বিভাগের অধীনে ১৬তম গ্রেডের ২৩টি শূন্য পদ পূরণের জন্য নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, রাজস্ব প্রশাসনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ, বদলি, পদোন্নতিসহ অন্যান্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) রাজস্ব বিভাগের অধীনে ১৬তম গ্রেডের ২৩টি শূন্য পদ পূরণের লক্ষ্যে চলমান নিয়োগ কার্যক্রম দ্রুত ও স্বচ্ছভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার। |

**৩. শৃঙ্খলা বিধির অধীন মামলা সংক্রান্ত:**

| ক্রমিক | কর্মচারীর নাম, পদবী ও কর্মস্থল | বিভাগীয় মামলা নম্বর | মামলা রুজুর তারিখ | বর্তমান অবস্থা/মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | জনাব ছানাউল করিম<br>মিউটেশন কাম সার্টিফিকেট সহকারী<br>উপজেলা ভূমি অফিস, শ্রীমঙ্গল | ০১/২০২৩ | ১৬-০৫-২০২৩ | চলমান |
| ২. | জনাব এ.এইচ.এম শাহেদুজ্জামান (রনি)<br>অফিস সহায়ক<br>ইউনিয়ন ভূমি অফিস, কাদিপুর, কুলাউড়া | ০২/২০২৩ | ২৯-০৫-২০২৩ | চলমান |
| ৩. | জনাব মোঃ রেজমান মিয়া<br>সার্টিফিকেট পেশকার<br>উপজেলা ভূমি অফিস, মৌলভীবাজার সদর | ০৩/২০২৩ | ১৬-০৮-২০২৩ | চলমান |

**৪.১ জেলা পর্যায়ে রাজস্ব সভা অনুষ্ঠানের বিবরণ নিম্নরূপ:**

| জেলার নাম | জেলা রাজস্ব সভা অনুষ্ঠানের তারিখ | সভাপতির নাম ও পদবী |
|---|---|---|
| মৌলভীবাজার | ২৩/০৭/২০২৩ খ্রিস্টাব্দ | ড. উর্মি বিনতে সালাম, জেলা প্রশাসক, মৌলভীবাজার। |

**৪.২ উপজেলা পর্যায়ে মাসিক রাজস্ব সভা অনুষ্ঠানের বিবরণ নিম্নরূপ:**

| উপজেলার নাম | উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের তারিখ | সভাপতি | মন্তব্য |
|---|---|---|---|
| মৌলভীবাজার সদর | ২৪/০৭/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর | কার্যবিবরণী পাওয়া গিয়েছে। |
| রাজনগর | ২৪/০৭/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর | |
| কুলাউড়া | ২৪/০৭/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া | |
| শ্রীমঙ্গল | ২৪/০৭/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল | |
| কমলগঞ্জ | ২৪/০৭/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ | |
| জুড়ী | ২৭/০৭/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী | |
| বড়লেখা | ২৬/০৭/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা | |

আলোচনা: উপজেলা রাজস্ব সভা নিয়মিতভাবে অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণ-কে অনুরোধ জানানো হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভায় জানান যে, উপজেলা রাজস্ব সভার কার্যবিবরণী প্রতি মাসে এ কার্যালয়ে প্রেরণের নির্দেশনা থাকলেও তা যথাসময়ে প্রেরণ করা হয় না। সভার কার্যবিবরণী প্রতি মাসের ১০ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) মাসিক রাজস্ব সভা প্রতি মাসের ৪র্থ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় ও উপজেলা রাজস্ব সভা প্রতিমাসের ৪র্থ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় সম্পন্ন করার এবং সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায়, তা ব্যক্তিগত দায় বলে গণ্য হবে।<br>(খ) রাজস্ব সভা শুরুর ১৫ মিনিট পূর্বে সকল সদস্যকে সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) / রেভিনিউ ডেপুটি কালেক্টর/ সহকারী কমিশনার(ভূমি) (সকল) |

**৫. উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন :**

| উপজেলার নাম | কর্মকর্তার পদবী | প্রমাপ | বাস্তবে | | উপজেলায় ইউনিয়ন ভূমি অফিসের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | পরিদর্শন | পরিদর্শন | দর্শন | |
| মৌলভীবাজার সদর | উপজেলা নির্বাহী অফিসার | ৪ | ৪ | - | ০৫টি |
| | সহকারী কমিশনার (ভূমি) | ৪ | ৪ | - | |
| রাজনগর | উপজেলা নির্বাহী অফিসার | ৪ | ৪ | - | ০৪টি |
| | সহকারী কমিশনার (ভূমি) | ৪ | ৪ | - | |
| কুলাউড়া | উপজেলা নির্বাহী অফিসার | ৪ | ৪ | - | ১০টি |
| | সহকারী কমিশনার (ভূমি) | ৪ | ৪ | - | |
| জুড়ী | উপজেলা নির্বাহী অফিসার | ৪ | ৪ | - | ০৩টি |
| | সহকারী কমিশনার (ভূমি) | ৪ | ৪ | - | |
| বড়লেখা | উপজেলা নির্বাহী অফিসার | ৪ | ৪ | - | ০৪টি |
| | সহকারী কমিশনার (ভূমি) | ৪ | ৪ | - | |
| শ্রীমঙ্গল | উপজেলা নির্বাহী অফিসার | ৪ | ৪ | - | ০৩টি |
| | সহকারী কমিশনার (ভূমি) | ৪ | ৪ | - | |
| কমলগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার | ৪ | ৪ | - | ০৩টি |
| | সহকারী কমিশনার (ভূমি) | ৪ | ৪ | - | |

আলোচনা: রাজস্ব প্রশাসনের কার্যক্রমের গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে প্রমাপ অনুযায়ী ইউনিয়ন ভূমি অফিস/উপজেলা ভূমি অফিস পরিদর্শন অব্যাহত রাখার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। অধিকন্তু, সভায় জানানো হয় যে, উপজেলা হতে প্রাপ্ত পরিদর্শন বিবরণীসমূহ অনেকটা গতানুগতিক প্রকৃতির হয়ে থাকে। ফলে পরিদর্শনকালে দৃষ্ট বিষয়াবলি পরিদর্শন বিবরণীতে সঠিকভাবে উপস্থাপিত হয় না। পরিদর্শন বিবরণীতে অনুচ্ছেদ আকারে সুস্পষ্ট মন্তব্য সংযোজন করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় এ বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী অফিসার-গণ কর্তৃক উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনের প্রমাপ অর্জন করতে হবে এবং পরিদর্শন বিবরণী এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br>(খ) গতানুগতিক পদ্ধতি পরিহার করে অনুচ্ছেদ আকারে সুস্পষ্ট মন্তব্য সংযোজনপূর্বক পরিদর্শন বিবরণী প্রস্তুত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

**৫. উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত সংক্রান্ত:**

| জেলার নাম | অফিসের প্রকার ও মোট অফিস সংখ্যা | | নির্মিত অফিস সংখ্যা | মেরামত/নির্মাণ/পুন:নির্মাণের প্রয়োজনীয়তা সম্পন্ন অফিস সংখ্যা | | | নির্মাণ/মেরামতের অধীন অফিস সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | অফিস | সংখ্যা | | মেরামত | নির্মাণ | পুন: মেরামত | নির্মাণাধীন | মেরামত কার্যাধীন | |
| মৌলভীবাজার | উপজেলা ভূমি অফিস | ৭ | ১টি | - | ০৩টি | ০৪টি | ০২টি | - | |
| | ইউনিয়ন ভূমি অফিস | ৩২ | ১৬টি | - | ১৬টি | ০৯টি | ০৩টি | - | |

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ইউনিয়ন ভূমি অফিস

| ক্রমিক | ইউনিয়ন ভূমি অফিসের নাম | উপজেলা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | কমলগঞ্জ | কমলগঞ্জ | কাজ সমাপ্ত |
| ২. | আদমপুর | কমলগঞ্জ | কাজ সমাপ্ত |
| ৩. | বড়লেখা সদর | বড়লেখা | কাজ সমাপ্ত |
| ৪. | হাকালুকি | বড়লেখা | কাজ সমাপ্ত |
| ৫. | সাধুহাটি | মৌলভীবাজার সদর | কাজ সমাপ্ত |
| ৬. | সমশেরগঞ্জ | মৌলভীবাজার সদর | কাজ সমাপ্ত |
| ৭. | বরমচাল | কুলাউড়া | কাজ সমাপ্ত |
| ৮. | কুলাউড়া | কুলাউড়া | কাজ চলমান |
| ৯. | ভূনবীর | শ্রীমঙ্গল | কাজ সমাপ্ত |

❖ ইউনিয়ন ভূমি অফিস, কুলাউড়া এর ভূমি সংক্রান্ত মহামান্য হাইকোর্টে সিভিল রিভিশন মোকাদ্দমা নং ৩০২৯/২০০২ এর নিষেধাজ্ঞা এবং স্থিতাবস্থার আদেশ থাকায় নির্মাণ কাজ বন্ধ রয়েছে।

গণপূর্ত বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ইউনিয়ন ভূমি অফিস

| ক্রমিক | ইউনিয়ন ভূমি অফিসের নাম | উপজেলা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার সদর | কাজ সমাপ্ত |
| ২. | লাহারপুর | শ্রীমঙ্গল | কাজ সমাপ্ত |
| ৩. | শরিফপুর | কুলাউড়া | কাজ সমাপ্ত |
| ৪. | কাদিপুর | কুলাউড়া | কাজ সমাপ্ত |
| ৫. | জয়চন্ডি (গৌরীশংকর) | কুলাউড়া | কাজ সমাপ্ত |
| ৬. | ব্রাহ্মণবাজার | কুলাউড়া | কাজ সমাপ্ত |
| ৭. | রাজনগর সদর | রাজনগর | কাজ সমাপ্ত |
| ৮. | ইন্দেশ্বর | রাজনগর | কাজ সমাপ্ত |
| ৯. | গোয়ালবাড়ী | জুড়ী | কাজ সমাপ্ত |
| ১০. | দক্ষিণভাগ | বড়লেখা | কাজ সমাপ্ত |

গণপূর্ত বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা ভূমি অফিস

| ক্রমিক | উপজেলা ভূমি অফিসের নাম | উপজেলা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | রাজনগর | রাজনগর | কাজ সমাপ্ত |
| ২. | কমলগঞ্জ | কমলগঞ্জ | কাজ সমাপ্ত |
| ৩. | জুড়ী | জুড়ী | কাজ চলমান |

আলোচনা: সভায় উপজেলা ভূমি অফিস নির্মাণের বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) নির্মাণাধীন ইউনিয়ন ভূমি অফিসসমূহের কাজের মান তদারকির জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-গণ-কে নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) নির্মাণ কাজ তদারকির জন্য উপ-সহকারী প্রকৌশলী, রাজস্ব শাখা মৌলভীবাজার'কে নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এমন ইউনিয়ন/উপজেলা ভূমি অফিসসমূহ বুঝে নেওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঘ) নির্মিত ও নির্মাণাধীন ইউনিয়ন/উপজেলা ভূমি অফিসসমূহের হালনাগাদ তথ্য ছক মোতাবেক প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) নির্মাণ ও পুনঃনির্মাণের প্রস্তাব থাকলে পত্র প্রেরণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত অধিদপ্তর/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (ভূমি) (সকল)/উপ-সহকারী প্রকৌশলী, রাজস্ব শাখা। |

**৭. উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসের অডিট আপত্তি সংক্রান্ত :**

| উপজেলার নাম | অডিট আপত্তি সংখ্যা | নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | অনিষ্পন্ন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| মৌলভীবাজার সদর | ২(২০২০-২১)[২০২০-২০২১ (অর্পিত)] | ০২ | - | -- |
| রাজনগর | ১(২০২০-২১) | ০১ | - | -- |
| কুলাউড়া | - | - | - | -- |
| জুড়ী | ২(২০২০-২১)[২০২০-২০২১ (অর্পিত)] | ০২ | - | -- |
| বড়লেখা | ২(২০২০-২১)[২০২০-২০২১ (অর্পিত)] | ০২ | - | -- |
| শ্রীমঙ্গল | ২ (২০২০-২১) [২০২১-২০২২ (হিসাব তত্ত্বাবধায়ক, রাজস্ব, ভূমি মন্ত্রণালয়, মৌলভীবাজার)] | ০২ | - | -- |
| কমলগঞ্জ | ২(২০২০-২১)[২০২০-২০২১ (অর্পিত)] | ০২ | - | -- |
| মোট | ১১টি | ১১টি | - | -- |

**৮. সার্বিক ভূমি ব্যবস্থাপনা:**

৮.১ নামজারি ও জমাভাগ

| উপজেলার নাম | গত মাসের অনিষ্পন্ন কেস সংখ্যা | | চলতি মাসে দায়ের | | মোট চলমান কেসের সংখ্যা | | বর্তমান মাসে নিষ্পত্তি | | অনিষ্পন্ন কেসের সংখ্যা | | পুঞ্জিভূত নিষ্পত্তির সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড |
| মৌলভীবাজার সদর | ৫৪৭ | ০ | ৮৯৭ | ২১ | ১৪৪৪ | ২১ | ৯২৬ | ২১ | ৫১৮ | ০ | ৯২৬ | ২১ |
| রাজনগর | ২৯৮ | ০ | ৪১৬ | ১৬ | ৭১৪ | ১৬ | ৩৫৭ | ১৬ | ৩৫৭ | ০ | ৩৫৭ | ১৬ |
| কুলাউড়া | ২৩৯ | ০ | ৪২৮ | ৪০ | ৬৬৭ | ৪০ | ৪১৮ | ৪০ | ২৪৯ | ০ | ৪১৮ | ৪০ |
| জুড়ী | ১২৪ | ০ | ২৪০ | ২৯ | ৩৬৪ | ২৯ | ১৯৪ | ২৯ | ১৭০ | ০ | ১৯৪ | ২৯ |
| বড়লেখা | ২৩০ | ০ | ৩৫৬ | ০ | ৫৮৬ | ০ | ৩৫৬ | ০ | ২৩০ | ০ | ৩৫৬ | ০ |
| শ্রীমঙ্গল | ১১৮৪ | ০ | ৯৭৮ | ০ | ২১৬২ | ০ | ১৩২৫ | ০ | ৮৩৭ | ০ | ১৩২৫ | ০ |
| কমলগঞ্জ | ৩৯৮ | ০ | ৪৪৭ | ০ | ৮৪৫ | ০ | ৫২২ | ০ | ৩২৩ | ০ | ৫২২ | ০ |
| **মোট** | **৩০২০** | **০** | **৩৭৬২** | **১০৬** | **৬৭৮২** | **১০৬** | **৪০৯৮** | **১০৬** | **২৬৮৪** | **০** | **৪০৯৮** | **১০৬** |

আলোচনা: ২৮ দিনের উর্ধ্বের নামজারি মামলাসমূহ নিবিড়ভাবে তদারকির মাধ্যমে দ্রুত নিষ্পত্তির বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয় এবং নিষ্পত্তির হার বৃদ্ধি করায় সহকারী কমিশনার (ভূমি), শ্রীমঙ্গল-কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া, নামজারি আবেদন না-মঞ্জুরের হার বৃদ্ধি পাওয়ায় সভায় উদ্বেগ প্রকাশ করা হয়। অতঃপর যৌক্তিক কারণ ব্যতীত আবেদন না-মঞ্জুর করা থেকে বিরত থাকার বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয়। আবেদন না-মঞ্জুরের ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রয়োজনে মোবাইলফোনে সেবাগ্রহীতাকে না-মঞ্জুরের কারণ সম্পর্কে অবহিত করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) ই-নামজারি মোকদ্দমা নির্ধারিত সময়ে নিষ্পত্তির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) ই-নামজারি সম্পাদনের ক্ষেত্রে সমস্যা চিহ্নিত করে সমাধানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(গ) ২৮ দিনের উর্ধ্বে পেন্ডিং ই-নামজারি মামলার হার ১০% এর নিচে নামানো নিশ্চিত করতে হবে।<br>(ঘ) নামজারি আবেদন না-মঞ্জুরের ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রয়োজনে মোবাইলফোনে সেবাগ্রহীতাকে না-মঞ্জুরের কারণ সম্পর্কে অবহিত করতে হবে।<br>(ঙ) নামজারি আবেদন মঞ্জুরের হার বৃদ্ধি করার জন্য সহকারী কমিশনার (ভূমি), মৌলভীবাজার সদর/রাজনগর-কে নির্দেশ প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

৮.২ বিবিধ মামলা সংক্রান্ত:

| ক্রমিক | উপজেলার নাম | পূর্ববর্তী মাস পর্যন্ত অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট মিস মোকদ্দমার সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | জুলাই/২৩ হতে চলতি মাস পর্যন্ত মোট নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | মৌলভীবাজার সদর | ২৪ | ৪ | ২৮ | ৩ | ৩ | ২৫ |
| ২ | রাজনগর | ৭ | ০ | ৭ | ০ | ০ | ৭ |
| ৩ | কুলাউড়া | ৩ | ৮ | ১১ | ৪ | ৪ | ৭ |
| ৪ | জুড়ী | ৩ | ৯ | ১২ | ৮ | ৮ | ৪ |
| ৫ | বড়লেখা | ৫ | ১৫ | ২০ | ১১ | ১১ | ৯ |
| ৬ | শ্রীমঙ্গল | ১৩৩ | ৭ | ১৪০ | ৭ | ৭ | ১৩৩ |
| ৭ | কমলগঞ্জ | ৩১ | ১৫ | ৪৬ | ১৮ | ১৮ | ২৮ |
| | **মোট** | **২০৬** | **৫৮** | **২৬৪** | **৫১** | **৫১** | **২১৩** |

আলোচনা: মিস কেস পরিচালনায় সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নিবিড় তদারকি প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) সপ্তাহে দুই দিন মিস কেসের শুনানী গ্রহণের মাধ্যমে নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। নথি যাতে দীর্ঘদিন শুনানী/আদেশের জন্য পড়ে না থাকে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ধার্য তারিখে নথি উপস্থাপন ও আদেশ প্রদান নিশ্চিত করতে হবে।<br>(গ) মামলার শুনানী গ্রহণের ক্ষেত্রে শুনানীর তারিখ সম্পর্কে পক্ষগণকে অবহিতকরণ নিশ্চিত করতে হবে।<br>(ঘ) মামলা নিয়মিত উপস্থাপনের লক্ষ্যে ফরওয়ার্ড ডায়েরির ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>(ঙ) অনিষ্পন্ন মিস কেসসমূহের মধ্যে কোন মামলা কত সময় যাবত পেন্ডিং রয়েছে তা নির্দিষ্ট ছকে উল্লেখপূর্বক এ কার্যালয়ে তথ্য প্রেরণ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

৮.৩ রেকর্ড সংরক্ষণ ও হালনাগাদকরণ:

| উপজেলার নাম | চলতি মাসে আদেশমূলে রেকর্ড হালনাগাদকরণের সংখ্যা | এই বছরের পুঞ্জিভূত রেকর্ড সংশোধনের সংখ্যা | চলতি মাসে রেকর্ডরুমে প্রাপ্ত ভলিউম সংখ্যা |
|---|---|---|---|
| মৌলভীবাজার সদর | ৮৯৭ | ৮৯৭ | ৫ |
| রাজনগর | ২০১ | ২০১ | ১ |
| কুলাউড়া | ৪১৮ | ৪১৮ | - |
| জুড়ী | ১৩০ | ১৩০ | - |
| বড়লেখা | ৩০৯ | ৩০৯ | ৩ |
| শ্রীমঙ্গল | ৭৮০ | ৭৮০ | ২ |
| কমলগঞ্জ | ৪৭২ | ৪৭২ | - |
| **মোট** | **৩২০৭** | **৩২০৭** | ১১ |

আলোচনা: বিধি মোতাবেক নামজারি, জমাভাগ ও জমা একত্রিকরণের কার্যক্রম পরিচালনার বিষয়ে সহকারী কমিশনার (ভূমি)-গণকে সভায় নির্দেশনা প্রদান করা হয়। নামজারি খতিয়ানসমূহ ১০০টি করে বাইন্ডিংপূর্বক জেলা রেকর্ডরুমে প্রেরণের নির্দেশনা থাকলেও তা যথাসময়ে প্রেরণ করা হচ্ছে না মর্মে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) নামজারি কেসের ধারাবাহিকতা বজায় রেখে নামজারি খতিয়ানসমূহ ১০০টি করে বাইন্ডিংপূর্বক জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে হবে এবং পত্রের অনুলিপি অত্র কার্যালয়ের রাজস্ব শাখায় প্রেরণ করতে হবে।<br>(খ) পরিদর্শনকালে নিষ্পত্তিকৃত নামজারি মোকদ্দমার আদেশ অনুযায়ী সেবাগ্রহীতাকে সংশোধিত খতিয়ানের কপি যথাসময়ে দেয়া হয় কি না তা যাচাই করে দেখতে হবে।<br>(গ) নামজারি ২য় খন্ড নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(ঘ) নামজারি আদেশের পরিপ্রেক্ষিতে উপজেলা ভূমি অফিসে রেকর্ড সংশোধনের পাশাপাশি দ্রুততম সময়ে ইউনিয়ন ভূমি অফিসে রক্ষিত ভলিউম বইতে রেকর্ড সংশোধন নিশ্চিত করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল)/ সহকারী কমিশনার (রেকর্ডরুম শাখা) |

**৯. চলতি ও বিগত বছরে মৌলভীবাজার জেলার ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়ের তুলনামূলক চিত্র:**

সাধারণ দাবি ও আদায়:

| উপজেলার নাম | ২০২২-২০২৩ অর্থ বছর (জুলাই/২০২২) | | | ২০২৩-২০২৪ অর্থ বছর (জুলাই/২০২৩) | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট দাবি | মোট আদায় | আদায়ের হার | মোট দাবি | মোট আদায় | আদায়ের হার | মন্তব্য |
| মৌলভীবাজার সদর | ১৯৭৩১৯৩৩ | ৯১৭৩৮৩ | ৪.৬৫% | ২১৭৬০৬৮৬ | ২০৫৪২৩২ | ৯.৪৪% | |
| রাজনগর | ৯১৮৮৯০৬ | ৩৪৫৯৩৬ | ৩.৭৬% | দাবি নির্ধারণের কাজ চলমান | ১১৩৬৩৭২ | - | |
| কুলাউড়া | ৯৫০৯৯৫৩ | ২১০৫২০ | ২.২১% | দাবি নির্ধারণের কাজ চলমান | ১০৪১৪৯২ | - | |
| জুড়ী | ৪৭০৭৪৭১ | ১১৭৮৫৫ | ২.৫০% | দাবি নির্ধারণের কাজ চলমান | ৬৪৯০০৪ | - | |
| বড়লেখা | ৮৯৭৩৬৬৮ | ৫৩৪৩৯৬ | ৫.৯৬% | দাবি নির্ধারণের কাজ চলমান | ১১৯৬৬৯৮ | - | |
| শ্রীমঙ্গল | ১১৭৪০৮৬০ | ৪২৭৩৩৭ | ৩.৬৪% | দাবি নির্ধারণের কাজ চলমান | ১০৫০৭৮৪ | - | |
| কমলগঞ্জ | ৫৬০০৭৭৪ | ১৮৬৩১২ | ৩.৩৩% | দাবি নির্ধারণের কাজ চলমান | ৭৯০২৭৭ | - | |
| **মোট** | **৬৯৪৫৩৫৬৫** | **২৭৩৯৭৩৯** | ৩.৯৪% | - | **৭৯১৮৮৫৯** | - | |

সংস্থার দাবি ও আদায়:

| উপজেলার নাম | ২০২২-২০২৩ অর্থ বছর (জুলাই/২০২২) | | | ২০২৩-২০২৪ অর্থ বছর (জুলাই/২০২৩) | | |
|---|---|---|---|---|---|---|
| | মোট দাবি | মোট আদায় | আদায়ের হার | মোট দাবি | মোট আদায় | আদায়ের হার |
| মৌলভীবাজার সদর | ৮৫৩৩৫৫৯ | ৩৩৪৪৪০ | ৩.৯২% | ৯৩০১১৪২ | ৫১৬৪৭৬ | ৫.৫৫% |
| রাজনগর | ৪২৮০২৭৩ | ০ | ০.০০% | দাবি নির্ধারণের কাজ চলমান | ০ | - |
| কুলাউড়া | ৩২৩৮৯৬৮০ | ২৭৫১০ | ০.০৮% | দাবি নির্ধারণের কাজ চলমান | ০ | - |
| জুড়ী | ৬২৯৫০৪৭ | ০ | ০.০০% | দাবি নির্ধারণের কাজ চলমান | ০ | - |
| বড়লেখা | ৯১৬২৬৬১ | ০ | ০.০০% | দাবি নির্ধারণের কাজ চলমান | ১৫২৭ | - |
| শ্রীমঙ্গল | ৭৫৪৬৪২৫ | ০ | ০.০০% | দাবি নির্ধারণের কাজ চলমান | ০ | - |
| কমলগঞ্জ | ৪০৬৭৯১৫ | ৩২০০ | ০.০৮% | দাবি নির্ধারণের কাজ চলমান | ৮৪৭৯ | - |
| **মোট** | **৭২২৭৫৫৬০** | **৩৬৫১৫০** | ০.৫১% | - | **৫২৬৪৮২** | - |

মোট দাবি ও আদায় (সাধারণ+সংস্থা):

| উপজেলার নাম | ২০২২-২০২৩ অর্থ বছর (জুলাই/২০২২) | | | ২০২৩-২০২৪ অর্থ বছর (জুলাই/২০২৩) | | |
|---|---|---|---|---|---|---|
| | মোট দাবি | মোট আদায় | আদায়ের হার | মোট দাবি | মোট আদায় | আদায়ের হার |
| মৌলভীবাজার সদর | ২৮২৬৫৪৯২ | ১২৫১৮২৩ | ৪.৪৩% | ৩১০৬১৮২৮ | ২৫৭০৭০৮ | ৮.২৮% |
| রাজনগর | ১৩৪৬৯১৭৯ | ৩৪৫৯৩৬ | ২.৫৭% | দাবি নির্ধারণের কাজ চলমান | ১১৩৬৩৭২ | - |
| কুলাউড়া | ৪১৮৯৯৬৩৩ | ২৩৮০৩০ | ০.৫৭% | দাবি নির্ধারণের কাজ চলমান | ১০৪১৪৯২ | - |
| জুড়ী | ১১০০২৫১৮ | ১১৭৮৫৫ | ১.০৭% | দাবি নির্ধারণের কাজ চলমান | ৬৪৯০০৪ | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বড়লেখা | ১৮১৩৬৩২৯ | ৫৩৪৩৯৬ | ২.৯৫% | দাবি নির্ধারণের কাজ চলমান | ১১৯৮২২৫ | - |
| শ্রীমঙ্গল | ১৯২৮৭২৮৫ | ৪২৭৩৩৭ | ২.২২% | দাবি নির্ধারণের কাজ চলমান | ১০৫০৭৮৪ | - |
| কমলগঞ্জ | ৯৬৬৮৬৮৯ | ১৮৯৫১২ | ১.৯৬% | দাবি নির্ধারণের কাজ চলমান | ৭৯৮৭৫৬ | - |
| **মোট** | **১৪১৭২৯১২৫** | **৩১০৪৮৮৯** | ২.১৯% | - | **৮৪৪৫৩৪১** | - |

আলোচনা: সভায় জানানো হয় যে, ২০২৩-২০২৪ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবি সঠিকভাবে নির্ধারণ করতে হবে এবং অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধের বিষয়টি ব্যাপকভাবে প্রচার করতে হবে। অতঃপর ভূমি উন্নয়ন কর শতভাগ অনলাইন আদায় অব্যাহত রাখা এবং সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ের হার বৃদ্ধির বিষয়ে সহকারী কমিশনার (ভূমি)-গণকে নির্দেশনা প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) ২০২৩-২০২৪ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবি সঠিকভাবে নির্ধারণপূর্বক আগামী ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) ভূমি উন্নয়ন কর শতভাগ অনলাইন আদায় অব্যাহত রাখতে হবে এবং সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ের হার বৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করতে হবে।<br>(গ) অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ের বিষয়ে প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(ঘ) সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নিবিড়ভাবে তদারকির মাধ্যমে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপ সহকারী কর্মকর্তাদের আইডিতে অপেক্ষামান হোল্ডিং রেজিস্ট্রেশনসমূহ দ্রুত অনুমোদন/নিষ্পত্তি করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

## ১০. ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন ধরণের ভূমি ব্যবস্থাপনা পরিবীক্ষণ:

১০.১ সরকারি খাস জমি পুনরুদ্ধার সংক্রান্ত (জুলাই/২০২৩ পর্যন্ত)

| উপজেলার নাম | খাস/অর্পিত/পরিত্যক্ত জমির পরিমাণ (একর) | | | অবৈধ দখলের পরিমাণ (একর) | | | ০১-০৭-২০২৩ হতে আলোচ্য মাস পর্যন্ত পুনরুদ্ধারকৃত জমির পরিমাণ (একর) | | | আলোচ্য মাসে উদ্ধারকৃত জমির পরিমাণ (একর) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | খাস | অর্পিত | পরিত্যক্ত | খাস | অর্পিত | পরিত্যক্ত | খাস | অর্পিত | পরিত্যক্ত | খাস | অর্পিত | পরিত্যক্ত |
| মৌলভীবাজার সদর | ৬২৭৭.৭৬ | ৩১৫৯.৮৩৫০ | - | - | - | - | ০.৫৬ | | | ০.৫৬ | | |
| রাজনগর | ২২২৪.৫৪ | ১৭৭৩.৪২ | - | ২৬.৮৮ | - | - | - | - | - | - | - | - |
| কুলাউড়া | ১৩৯৭৬.৫২ | ২৩৮৭ | - | ৩০০.৭৯ | - | - | ১৬.৪২ | | | ১৬.৪২ | | |
| জুড়ী | ৭৪৪৮.২৩ | ১৫৪১.১১৫০ | - | - | - | - | ০.০৫ | - | - | ০.০৫ | - | - |
| বড়লেখা | ২০৭.৯৭ | ১৭৩৭.১১৫০ | - | - | - | - | ০.৫০ | - | - | ০.৫০ | - | - |
| শ্রীমঙ্গল | ১১৬০১.১৭ | ১৩৯৭.৯০৮০ | - | - | - | - | ০.৫০ | - | - | ০.৫০ | - | - |
| কমলগঞ্জ | ১৫৩৭.৮৭ | ২২০৩.১৩ | - | ১৩.৫০ | - | - | - | - | - | - | - | |
| মোট | ৪৩২৭৪.০৬ | ১৪১৯৯.৫২ | ০ | ৩৪১.১৭ | ০ | ০ | ১৮.০৩ | ০ | ০ | ১৮.০৩ | ০ | ০ |

আলোচনা: সভায় জানানো হয় যে, সরকারি খাস জমি অবৈধভাবে ভোগদখলকারীদের উচ্ছেদপূর্বক খাস জমি পুনরুদ্ধার কার্যক্রমে গতিশীলতা আনয়ন করতে হবে এবং অনিষ্পন্ন উচ্ছেদ মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) অবৈধ দখলে থাকা খাস জমি পুনরুদ্ধার কার্যক্রমে গতিশীলতা আনয়ন করতে হবে এবং পুনরুদ্ধারকৃত সরকারি খাস জমি রক্ষণাবেক্ষণের পরিকল্পনা করতে হবে।<br>(খ) সরকারি খাস জমি উদ্ধারের সুস্পষ্ট তথ্য এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার, রেভিনিউ মুন্সীখানা শাখা/সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

১০.২ খাস কৃষি/অকৃষি জমি বন্দোবস্ত সংক্রান্ত:

| উপজেলার নাম | মোট কৃষি খাস জমির পরিমাণ (একরে) | | বন্দোবস্তযোগ্য/নিষ্কণ্টক খাসজমির পরিমাণ (একরে) | | বন্দোবস্ত অযোগ্য খাস জমির পরিমাণ | |
|---|---|---|---|---|---|---|
| | কৃষি | অকৃষি | কৃষি | অকৃষি | কৃষি | অকৃষি |
| মৌলভীবাজার সদর | ৩০৭৫.৯৭৫ | ৪৮৫১.৪৭৭১ | ১৩১৪.৭২ | ১৪৫৮.৪৩ | ১৭৬০.৫৫৬ | ৩৩৯৩.০৫২ |
| রাজনগর | ১৭৩৪.৯ | ৬৪২১.১ | ৪৬২.৭৮ | ২৫.৩ | ১২৭২.১২ | ৬৩৯৫.৮ |
| কুলাউড়া | ১৩৯৭৬.৫২ | ১১৬৬৫.৫০ | ২৭৪৪.৯০ | ২৩১৭.১ | ১১২৩১.৬২ | ৯৩৪৮.৪০ |
| জুড়ী | ১২৬৩.১২১ | ৩৬৩৩.০৪ | ০ | ৩৭৯.১৫ | ৪১০১.৮৯ | ০ |
| বড়লেখা | ১৯৮৮.১৯ | ১১১৪৭.৯ | ৪৮১.৮৯ | ৩৩.০০ | ২.৩১ | ২.০০ |
| শ্রীমঙ্গল | ৩০৪৩.৩৫ | ৪৯৮৪২.২০ | ২২৮৯.৭৭ | ৪৫০১১.৭১ | ১০৩.৭ | ৯৯০.৩৯ |
| কমলগঞ্জ | ৭৯০.৬৩ | ১৬৬৭.৪১ | ৩.০৫ | ১৩৭.৯৫ | ০ | ১৪১২.৯১ |
| সর্বমোট | ২৫৮৭২.৬৯ | ৮৯২২৮.৬৩ | ৭২৯৭.১১ | ৪৯৩৬২.৬৪ | ১৮৪৬২.২ | ২১৫৪২.৫৫ |

| উপজেলার নাম | প্রতিবেদনাধীন মাসে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদানকৃত ভূমিহীন পরিবারের সংখ্যা | প্রতিবেদনাধীন মাসে বন্দোবস্ত প্রদানকৃত কৃষি খাস জমির পরিমাণ (একরে) | চলতি বছরের প্রতিবেদনাধীন মাস পর্যন্ত বন্দোবস্ত প্রদানকৃত ভূমিহীন পরিবারের সংখ্যা | চলতি বছরের প্রতিবেদনাধীন মাস পর্যন্ত বন্দোবস্ত প্রদানকৃত কৃষি খাস জমির পরিমাণ (একরে) | প্রতিবেদনাধীনমাসে কবুলিয়ত সম্পাদন হয়েছে এমন পরিবারের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| সদর | ০ | ০ | ০ | ০ | ০ |
| রাজনগর | ১০ | ০.২ | ১০ | ০.২ | ১০ |
| কুলাউড়া | ০ | ০ | ০ | ০ | ০ |
| জুড়ী | ৩৮ | ০.৭৬ | ৩৮ | ০.৭৬ | ৩৮ |
| বড়লেখা | ৭৬ | ১.৫২ | ৭৬ | ১.৫২ | ৭৬ |
| শ্রীমঙ্গল | ০ | ০ | ০ | ০ | ০ |
| কমলগঞ্জ | ০ | ০ | ০ | ০ | ০ |
| **মোট** | **১২৪** | **২.৪৮** | **১২৪** | **২.৪৮** | **১২৪** |

আলোচনা: সভায় আলোচনা করা হয় যে, কৃষি খাস জমি বন্দোবস্ত মোকদ্দমার নথিসমূহ নির্ধারিত চেকলিস্ট অনুসরণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া নথিসমূহ কম্পিউটার কম্পোজড্ হতে হবে এবং নথিতে কোনো প্রকার কাটাছেঁড়া গ্রহণযোগ্য হবে না মর্মে সভায় জানানো হয়। অধিকন্তু, সভাপতি জানান যে, কৃষি খাস জমি বন্দোবস্ত মোকদ্দমার নথি সংবেদনশীল বিষয় হওয়ায় তা সংরক্ষণে অধিক যত্নশীল হতে হবে। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) যে সকল মৌজায় আর.এস ভলিউম প্রকাশিত হয়েছে সে সকল মৌজা হতে প্রতি মাসে একটি মৌজার ভলিউম যাচাইক্রমে কোনো সরকারি সম্পত্তি ব্যক্তি মালিকানায় রেকর্ড হয়েছে কি না তা এ কার্যালয়কে অবহিত করতে হবে।<br>(খ) যে সকল সরকারী জমি ব্যক্তি মালিকানায় রেকর্ড হয়েছে সে সকল জমি উদ্ধারের জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে স্বত্ব মামলা দায়ের করতে হবে।<br>(গ) সেপ্টেম্বর/২০২৩ এর মধ্যে সকল উপজেলার রেজিস্টার-৮ (খাস জমি রেজিস্টার) হালনাগাদপূর্বক খাস জমি সংক্রান্ত একটি পৃথক ডেটাবেজ তৈরি করতে হবে এবং উক্ত ডেটাবেজের মন্তব্য কলামে জমির বর্তমান অবস্থাসহ বিস্তারিত তথ্য উল্লেখ করতে হবে।<br>(ঘ) সরকারি খাস জমি চিহ্নিতপূর্বক উক্ত জায়গায় তফসিলসহ সাইনবোর্ড টাঙ্গাতে হবে।<br>(ঙ) কৃষি খাস জমি বন্দোবস্ত মোকদ্দমার নথিসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।<br>(চ) কৃষি খাস জমি বন্দোবস্ত মোকদ্দমার নথিসমূহ কম্পিউটার কম্পোজড্ হতে হবে এবং নথিতে কোনো প্রকার কাটাছেঁড়া করা যাবে না। | সহকারী কমিশনার (ভূমি) (সকল)/ সহকারী কমিশনার, রেভিনিউ মুন্সিখানা/রেভিনিউ ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার। |

১০.৩ হাট- বাজার পেরিফেরি/চৌহদ্দি বহালকরণ সংক্রান্ত:

| উপজেলা | হাট-বাজারের মোট সংখ্যা | পেরিফেরিকৃত হাট-বাজারের সংখ্যা | অনুমোদিত সংখ্যা | প্রতিবেদনাধীন মাসে পেরিফেরিকৃত হাট বাজারের সংখ্যা | পেরিফেরি বিহীন হাটবাজারের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মৌলভীবাজার সদর | ৩৯ | ১৮ | ১৮ | ১ | ২১ | ৬টি বাজার (শ্যামরার বাজার, নাজিরাবাদ বাজার, কৈয়াখালি বাজার, আথানগিরি বাজার, আখাইলকুড়া বাজার, মনুমুখ বাজার) বিলুপ্ত। ২টি বাজার (কির্ত্তিগঞ্জ বাজার, পদিনাপুর বাজার) বসে না। ২টি বাজার (দামিয়া বাজার, বাড়ন্তী পীরের বাজার) ব্যক্তিমালিকানায় রেকর্ডভুক্ত। ১টি বাজারে (ইমাম বাজার) মামলা চলমান। ৪টি বাজার (কাটারাই বাজার, আফরোজগঞ্জ বাজার, কামালপুর বাজার, শ্যামেরকোনা বাজার) নির্দিষ্ট স্থানেবসে না। পেরিফেরী উপযোগী বাজার ৬ টি (সনকাপন বাজার, থানার বাজার, নয়াবাজার, গোরারাই বাজার, পশ্চিম বাজার, কোর্ট মার্কেট)। |
| রাজনগর | ২০ | ১৫ | ১৫ | - | ০৫ | ০৩টি (কামারচাক বাজার, মহলাল বাজার ও বিমলাচরণ বাজার) এর বিলুপ্তি কার্যক্রম প্রক্রিয়াধীন।উমরপুর বাজার ব্যক্তিমালিকানায় রেকর্ড সংশোধনের জন্য মিস কেইস চলমান। তারাপাশা বাজার নদীগর্ভে বিলীন, বাজার পানি উন্নয়ন বোর্ডের জায়গায় বসে। |
| কুলাউড়া | ২৫ | ১৮ | ১৮ | - | ০৭ | ১টি বাজারে পেরিফেরি কার্যক্রম চলমান। ১টি বাজার (রাঙ্গিছড়া বাজার) নিয়ে স্বত্ব মামলা চলমান। ১টি বাজার (ছৈদল বাজার) আংশিক নদীগর্ভে বিলীন, অবশিষ্টাংশে বাজার বসে না। ১টি বাজার (কাউকাপন বাজার) সম্পূর্ণ নদীগর্ভে বিলীন। ৩টি বাজারে {গাজীপুর বাজার, জনতা বাজার, পীরের বাজার (রাউৎগাঁও)} বাজার বসে না। |
| জুড়ী | ০৫ | ০৫ | ০৫ | - | ০ | - |
| বড়লেখা | ২৩ | ১৭ | ১৭ | - | ০৬ | নির্ধারিত স্থানে বাজার বসে না ৬টি। [পাকশাইল বাজার, দৌলতপুর বাজার, গুদাম বাজার, মুড়াউল্ বাজার, আজিমগঞ্জ বাজার (হাইকোর্ট এর স্থগিতাদেশ ও মহামান্য সুপ্রিমকোর্ট এর হাইকোর্ট বিভাগের রিটপিটিশন মামলা ৪৩৩২/১৯৯৯ চলমান) এবং কাঠালতলী বাজার |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | (বিলুপ্তি কার্যক্রম প্রক্রিয়াধীন)।] |
| শ্রীমঙ্গল | ২৩ | ১৩ | ১৩ | - | ১০ | ১০টি পেরিফেরিবিহীন বাজারের মধ্যে ০৮টি বাজার (আমরাইল বাজার, রাজঘাট বাজার, সাতগাঁও বাজার, মাকড়িছড়া বাজার, জানাউড়া বাজার, খেজুরীছড়া বাজার, মির্জাপুর বাজার, জাগছড়া বাজার) চা বাগানের লিজডিডের আওতাভুক্ত। ১টি বাজার (বৌলাশীর বাজার) ব্যক্তিমালিকানাধীন এবং১টি বাজার (সাজির বাজার)সরকারি জায়গাতে বসে না, রাস্তার পাশে বসে। |
| কমলগঞ্জ | ১৪ | ১৪ | ১৪ | - | ০ | |
| **মোট** | **১৪৯** | **১০০** | **১০০** | **১** | **৪৯** | |

১০.৪ হাটবাজারের চান্দিনা ভিটি বন্দোবস্ত সংক্রান্ত তথ্য:

| উপজেলার নাম | হাটবাজারের সংখ্যা | লাইসেন্সকৃত চান্দিনা ভিটির সংখ্যা | প্রতিবেদনাধীন মাসে নতুন লাইসেন্স সংখ্যা | প্রতিবেদনাধীন মাসে নবায়নকৃত সংখ্যা | বর্তমান বছরের প্রতিবেদনাধীন মাস পর্যন্ত নবায়নকৃত সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মৌলভীবাজার সদর | ৩৯ | ১০০ | - | ২ | ২ |
| রাজনগর | ২০ | ৭২ | - | ৬ | ৬ |
| কুলাউড়া | ২৫ | ৭৮ | - | ২ | ২ |
| জুড়ী | ০৫ | ১০ | - | ০ | ০ |
| বড়লেখা | ২৩ | ৩৭০ | - | ২৮ | ২৮ |
| শ্রীমঙ্গল | ২৩ | ৯৪ | - | ০ | ০ |
| কমলগঞ্জ | ১৪ | ১৬১ | - | ০ | ০ |
| মোট | **১৪৯** | **৮৮৫** | **-** | **৩৮** | **৩৮** |

আলোচনা: পেরিফেরিকৃত হাট-বাজারের তুলনায় শপ লাইসেন্সের সংখ্যা আশানুরূপ নয় মর্মে সভায় অসন্তোষ প্রকাশ হয়। সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে হাট-বাজারের বর্তমান অবস্থা যাচাইপূর্বক শপ লাইসেন্স সংখ্যা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া, যে সকল হাট-বাজার পেরিফেরি করা হয় নি সেগুলো পেরিফেরিকরণের বিষয়ে তাগিদ প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) পেরিফেরি করা হয় নি এমন হাট-বাজার বিধি মোতাবেক পেরিফেরিকরণের প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(খ) হাট-বাজারসমূহে অবৈধ ভোগদখলকারী/অস্থায়ী স্থাপনা নির্মাণকারীদের উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) হাট-বাজারসমূহে অবস্থিত চান্দিনা ভিটি আধা শতক করে একসনা লীজ প্রদানের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(ঘ) হাট-বাজারসমূহের বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শন করে শপ লাইসেন্স সংখ্যা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(ঙ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিসে সংরক্ষিত ৬নং রেজিস্টার সমন্বয়পূর্বক হাট-বাজারের প্রকৃত সংখ্যা উল্লেখ করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

১০.৫ সায়রাত মহাল সংক্রান্ত:

| মহালের নাম | মোট মহালের সংখ্যা | ইজারা প্রদত্ত মহালের সংখ্যা | ইজারা কার্যক্রমের অধীন মহালের সংখ্যা | অ-ইজারাকৃত মহালের সংখ্যা | মামলা মোকদ্দমার কারণে ইজারা বিহীন মহালের সংখ্যা | সমঝোতা স্মারকে হস্তান্তরিত মহালের সংখ্যা | ইজারা প্রাপ্ত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | | (৫) | (৬) | (৭) | (৮) |
| জলমহাল (২০ একরের উর্ধ্বে) | ১১২ | ৭৮ | ১ | ১৩ | ৭ | - | ৩,৩৫,৬৪,২৩১/- | ১১২টি জলমহালের মধ্য অভয়াশ্রম হিসেবে বিদ্যমান রয়েছে ১২টি, শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলের জন্য বন্দোবস্তকৃত ০১টি |
| বালুমহাল | ৪০ | ১৮ | - | ২২ | - | - | ৭,৫০,৬৭,২৭১/- | |
| সিলিকা বালুমহাল | ৫০ | ১৪২৮-১৪২৯ বঙ্গাব্দ সনের জন্য এ জেলার ৫০টি সিলিকা বালুমহাল হতে আবেদিত ৩৯টি সিলিকা বালু ইজারার জন্য জেলা কমিটি কর্তৃক সুপারিশ করা হয়েছে। এর মধ্যে ০২ টি মহাল (আমরাইল ছড়া ও কালামোয়া ছড়া) চা বাগান এর অভ্যন্তরে হওয়ায় এবং ০৪টি মামলাজনিত কারণে জেলা কমিটির সুপারিশ এর প্রেক্ষিতে ইজারা হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৩৩টির মধ্যে ০১ টি মহাল (সুমইছড়া, শ্রীমঙ্গল) এর অনুমোদন এর জন্য পত্র পাওয়া গেছে। অবশিষ্ট ৩২টি মহালের জন্য পরিবেশ ছাড়পত্র গ্রহণ করার জন্য আবেদনকারীদের মন্ত্রণালয় হতে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি ছাড়পত্র জমা প্রদান না করায় ইজারা কার্যক্রম সম্পন্ন হয় নি। উল্লেখ্য, খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর ৭৮নং বিধি এবং বিদ্যুৎ জ্বালানী এবং খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিগত ০৯ আগস্ট, ২০১২ তারিখের ২৮.০০.০০০০.০১৮.২২.০২০.০৮.(অংশ)/২৪৪নং প্রজ্ঞাপন অনুযায়ী সিলিকা বালু ইজারা সংক্রান্ত জেলা কমিটি দরপত্র আহবান করে তার সুপারিশ বিএমডি তে প্রেরণ করবেন। ইজারা প্রদানের পরবর্তী কার্যক্রম বিএমডি হতে সম্পন্ন করা হয়। | | | | | | | |

আলোচনা: জলমহালের আয়তনসহ সঠিক হিসাব সংরক্ষণ, জলমহালের শ্রেণী পরির্তন না করা, প্রচলিত নীতিমালা অনুসারে যথাসময়ে সিলিকাবালু কোয়ারী, বালুমহাল ও জলমহালের ইজারার কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় সম্পন্ন করা, চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর পরবর্তী ০৭(সাত) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট ইজারাদারের নিকট মহালের দখল বুঝিয়ে দেয়ার জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) সায়রাত মহাল ইজারা হতে প্রাপ্ত আয় সরকারি কোষাগারে সঠিকভাবে জমা প্রদান করা হয় কিনা পরিদর্শনের সময় যাচাই করে দেখতে হবে।<br>(খ) কোন বালুমহাল বিলুপ্তি ঘোষণা করার পূর্বে নীতিমালা অনুযায়ী সরেজমিন পরিদর্শন করে, অংশীজনের মতামত এবং বাস্তব অবস্থার আলোকে বিবিধ নথি সৃজন করে এ কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(গ) অ-ইজারাকৃত সকল বালুমহাল সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। কেউ যাতে অবৈধভাবে বালু উত্তোলন করতে না পারে সে বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(ঘ) জলমহাল ইজারার ক্ষেত্রে আবেদনকারীর সমিতি হতে জলমহালের দূরত্ব নির্ধারণের ক্ষেত্রে সমিতির দূরত্বের বিষয়ে সুস্পষ্ট প্রতিবেদন প্রদান করতে হবে এবং বিভাগীয় রাজস্ব সভার সিদ্ধান্ত মোতাবেক জলমহালের দূরত্ব নির্ধারণ প্রতিবেদনে দূরত্বের ভিত্তি যথা দাগ নম্বর বা গুগল ম্যাপের স্থানাংক ব্যবহার করতে হবে।<br>(ঙ) অ-ইজারাকৃত জলমহাল হতে খাস কালেকশনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(চ) ফেব্রুয়ারি/২০২৩ মাসে অনুষ্ঠিত বিভাগীয় রাজস্ব সভার সিদ্ধান্ত মোতাবেক জলমহালের ইজারা বাতিলের পূর্বে পক্ষকে নোটিশ/শুনানীর সুযোগ প্রদান করতে হবে।<br>(ছ) সায়রাত মহাল সৃজন/বিলুপ্তি/তফসিল পরিবর্তনের প্রয়োজন হলে চেকলিস্ট অনুসরণপূর্বক বিবিধ মোকদ্দমার নথি সৃজনপূর্বক এ কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল)<br>ও<br>সার্ভেয়ার (সকল) |

১০.৬ অর্পিত সম্পত্তি সংক্রান্ত:

| উপজেলার নাম | মোট অর্পিত সম্পত্তি (একর) | লিজকৃত সম্পত্তি (একর) | লিজকৃত কেস (সংখ্যা) | দাবির পরিমাণ | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | বকেয়া | হাল | মোট |
| মৌলভীবাজার সদর | ৩১৫৯.৮৩৫ | ৪৭৯.৬৮৩৫ | ৪০৩ | ৩৭৯৭৩৭৩ | ১০৩৫৪৬৯ | ৪৮৩২৮৪২ |
| রাজনগর | ১৭৭৩.৪২ | ৩২৩.৮১ | ৩৪৯ | - | - | দাবি নির্ধারণের কাজ চলমান |
| কুলাউড়া | ৩৭৭৮.১৬৯১ | ৫৬৩.০১১১ | ৩৪৮ | - | - | দাবি নির্ধারণের কাজ চলমান |
| জুড়ী | ১৫৪১.১১৫ | ১৮৯.১৪ | ১৬৬ | ৭০৬১৩৪ | ৪৯৫৮৪০ | ১২০১৯৭৪ |
| বড়লেখা | ১৭৩৭.১১৫ | ৫৭৫.১৩৬৬ | ৩৪৩ | ৩২২৩৬২৩ | ৩৬০৪৫৫ | ৩৫৮৪০৭৮ |
| শ্রীমঙ্গল | ১৩৯৭.৯৮ | ৩৯১.৪৪৩ | ৩৭০ | - | - | দাবি নির্ধারণের কাজ চলমান |
| কমলগঞ্জ | ৩৪১.২৩৩ | ৩৪১.২৩৩ | ২৫৭ | - | - | দাবি নির্ধারণের কাজ চলমান |
| ভিপি সেল | ৫২.৪০৫২ | ৩২.৬০৩ | ৩৫ | ৩৮৩৭১৫৮ | ১৮১৮৮৪৮ | ৫৬৫৬০০৬ |
| **মোট** | **১৩৭৮১.২৭** | **২৮৯৬.০৬** | **২২৭১** | **-** | **-** | **-** |

| উপজেলার নাম | আলোচ্য মাসে আদায় | | | বর্তমান বছরের চলতি মাস পর্যন্ত পুঞ্জিভুত আদায় | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | নবায়ন সংখ্যা | জমির পরিমাণ (একর) | চলতি মাসের আদায় (টাকা) | নবায়ন সংখ্যা | জমির পরিমাণ (একর) | মোট আদায় (টাকা) | আদায়ের হার (%) |
| মৌলভীবাজার সদর | ২১ | ১১.৪১ | ১৬৭৮১৪ | ২১ | ১১.৪১ | ১৬৭৮১৪ | ৩.৪৭% |
| রাজনগর | ৭ | ৩.৯৪৫ | ৪৩৩৫৪ | ৭ | ৩.৯৪৫ | ৪৩৩৫৪ | ০ |
| কুলাউড়া | ৫ | ০.০২ | ৮৬৮১৬ | ৫ | ০.০২ | ৮৬৮১৬ | ০ |
| জুড়ী | ১ | ০.৪ | ৩২০০ | ১ | ০.৪ | ৩২০০ | ০.২৭% |
| বড়লেখা | ৫ | ৩.০৮ | ৭০০৮০ | ৫ | ৩.০৮ | ৭০০৮০ | ১.৯৬% |
| শ্রীমঙ্গল | ১০ | ৫.৫৪৫ | ১৪০৭১১ | ১০ | ৫.৫৪৫ | ১৪০৭১১ | ০ |
| কমলগঞ্জ | ৯ | ২.৮৮২৫ | ৮৫১৫৩ | ৯ | ২.৮৮২৫ | ৮৫১৫৩ | ০ |
| ভিপি সেল | ২ | ০.০৬৩৮ | ১২১১৩৬ | ২ | ০.০৬৩৮ | ১২১১৩৬ | ২.১৪% |
| **মোট** | **৬০** | **২৭.৩৫** | **৭১৮২৬৪** | **৬০** | **২৭.৩৫** | **৭১৮২৬৪** | |

আলোচনা: অর্পিত সম্পত্তির দাবি নির্ধারণ ও দাবি আদায় নিয়ে সভায় আলোচনা করা হয়। অর্পিত সম্পত্তির লীজ মানি আদায়ের হার অত্যন্ত কম এ জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-গণকে এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) লীজকৃত অর্পিত সম্পত্তির বকেয়া ও হাল সনের দাবি আদায়ে কার্যকর পদক্ষেপ নিতে হবে।<br>(খ) লীজ মানি পরিশোধের জন্য সকল লীজ গ্রহীতাকে নোটিশ প্রেরণ করতে হবে।<br>(গ) অর্পিত সম্পত্তি লীজ গ্রহীতার ডাটাবেজ তৈরি করতে হবে।<br>(ঘ) অর্পিত সম্পত্তি ব্যক্তির নামে আর.এস রেকর্ড হলে তা সরকারের নামে রেকর্ডের ব্যবস্থা করতে হবে।<br>(ঙ) সরেজমিনে পূর্বের লীজগ্রহীতাকে পাওয়া না গেলে প্রকৃত ভোগদখলকারীর নামে লীজ নবায়নসহ বকেয়া ও হাল দাবি আদায় করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

**১১. ওয়াকফ ও দেবোত্তর সম্পত্তি:**

| উপজেলার নাম | ওয়াকফ সম্পত্তি (একর) | দেবোত্তর সম্পত্তি (একর) | মামলায় জড়িত জমির পরিমাণ (একর) | মন্তব্য |
|---|---|---|---|---|
| মৌলভীবাজার সদর | ১১.৯০ | ১৬.৩৮২৪ | ০ | |
| রাজনগর | ১৬৯.৬২৬৯ | ৫০.০৭ | ৩.২৩ | সহকারী জজ আদালত, রাজনগর, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | মৌলভীবাজারের ১৩০/২০২২ খ্রি, স্বত্ব মামলা মূলে ০.১৫ একর এবং আফজালিয়া ওয়াকফ স্টেটের নামে ১২১নং জেএলস্থিত আদমপুর হাওর করাইয়া মৌজার এস এ ২৭, ৩২, ৩৬ ও ৪০নং খতিয়ানে এস.এ ১৬৮০নং দাগে আর.এস ২০৭৬, ২১০১ নং দাগের ভূমি নিয়ে বিজ্ঞ সহকারী জজ আদালত, রাজনগর, মৌলভীবাজার এর ১৩৮/২০২২নং মামলা মূলে ৩.০৮০০ একর জমি নিয়ে মামলা চলমান। |
| কুলাউড়া | ১০৫.০৮ | ৪৬.৯০৫ | ৪.০৩ (ওয়াকফ) | |
| জুড়ী | ৩৯৩.২৮ | ৩৫.৫৪ | ০ | |
| বড়লেখা | ১৬৯.৪০ | ৯৫.১৫ | ০ | |
| শ্রীমঙ্গল | ১৪.৭৯ | ১১৫.৪১০৭ | ৪.০০ | রামনগর মৌজার ৪ একর দেবোত্তর সম্পত্তি নিয়ে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে ৫৪/২০১৬ নং মামলা চলমান। |
| কমলগঞ্জ | ৪৭.৯৭ | ৩১.১৯ | ০ | |
| **মোট** | **৯১২.০৪৬৯** | **৩৯০.৬৪৮১** | **১১.২৬** | |

আলোচনা: ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে সভায় আলোচনা করা হয়। ওয়াকফ সম্পত্তির বিষয়াদি ওয়াকফ প্রশাসক এর কার্যালয় কর্তৃক নিষ্পত্তি হয়ে থাকে। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) ওয়াকফ ও দেবোত্তর সম্পত্তির পরিমাণ ও মামলায় জড়িত জমির পরিমাণ সম্পর্কিত হালনাগাদ তথ্য সংশ্লিষ্ট ছকে উল্লেখপূর্বক এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) ওয়াকফ ও দেবোত্তর সম্পত্তি সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)-গণকে প্রতি মাসে একটি করে পরিদর্শনক্রমে এ কার্যালয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (ভূমি) (সকল)/ওয়াকফ পরিদর্শক |

**১২. ভূমি অধিগ্রহণ সংক্রান্ত:**

**ছক-১**

সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন ১৯৪৮ মোতাবেক

| ক্রমিক | জেলার নাম | এল.এ কেসের সংখ্যা | আলোচ্য মাসে নিষ্পত্তিকৃত এল.এ কেসের সংখ্যা | এ পর্যন্ত নিষ্পত্তিকৃত এল.এ কেসের সংখ্যা | অনিষ্পন্ন এল.এ কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | মৌলভীবাজার | ৩৯৪টি | ০ | ১৮৯টি | ২০৫ |

**ছক-২**

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ মোতাবেক (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)

| ক্রমিক | জেলার নাম | এল.এ কেসের সংখ্যা | আলোচ্য মাসে নিষ্পত্তিকৃত এল.এ কেসের সংখ্যা | এ পর্যন্ত নিষ্পত্তিকৃত এল.এ কেসের সংখ্যা | অনিষ্পন্ন এল.এ. কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | মৌলভীবাজার | ৪৬৮ | ৬ | ৪২৭ | ৪১ |

ছক-৩

| জেলার নাম | ভূমি অধিগ্রহণ মামলার সংখ্যা | অধিগ্রহণে ক্ষতিগ্রস্থ পরিবারের সংখ্যা | অধিগ্রহণকৃত জমির পরিমান (একর) | মোট টাকার পরিমান | ক্ষতিপূরণ প্রাপ্তির জন্য প্রাপ্ত আবেদন | নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা/ক্ষতিপূরণ প্রাপ্ত পরিবারের সংখ্যা | নিষ্পত্তিকৃত আবেদনে ক্ষতিপূরণের পরিমান (টাকায়) | অনিষ্পত্তি কৃত আবেদনের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| মৌলভীবাজার | ৮৬৪ | ১০৫৮৮ | ৩৭৪০.০০৪৩ | ৪৯৩,৫৮,৪৪,৮০১.১১/- | ১৬৫০ | ১২৩৯ | ৪৯৩,০৯,৭৩,৭৯১.৯/- | ৪১১ |

আলোচনা: অধিগ্রহণ সংক্রান্ত মামলা নিষ্পত্তির কার্যকরী পদক্ষেপ গ্রহণ এবং অধিগ্রহণকৃত ভূমির ক্ষতিপূরণের টাকা প্রদানের কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। তাছাড়া, সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন, ১৯৪৮ ও স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ এর আওতায় রুজুকৃত বিলম্বিত এল.এ কেসসমূহ নিষ্পত্তির বিষয়ে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) ভূমি অধিগ্রহণ সংক্রান্ত মামলা নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং অধিগ্রহণকৃত ভূমির ক্ষতিপূরণের টাকা প্রদানের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(খ) এল.এ কেসসমূহের মধ্যে যে সকল কেস নামজারির জন্য পেন্ডিং সেগুলোর নামজারি দ্রুত সম্পন্ন করতে হবে এবং নামজারি করা সম্ভব না হলে কারণ উল্লেখপূর্বক বিস্তারিত প্রতিবেদন ভূমি অধিগ্রহণ শাখায় প্রেরণ করতে হবে। | ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, মৌলভীবাজার/সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

## ১৩. দেওয়ানী মামলা সংক্রান্ত:

১৩.১ দেওয়ানী মামলা সংক্রান্ত (মূল):

| জমির প্রকৃতি | বিগত মাস হতে আগত মামলার সংখ্যা | | আলোচ্য মাসে দায়েরকৃত | | মোট মামলার সংখ্যা | আলোচ্য মাসের নিষ্পত্তি | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | কৃষি | অকৃষি | সরকারের পক্ষে | সরকারের বিপক্ষে | | সরকারের পক্ষে | সরকারের বিপক্ষে | সরকারের স্বার্থবিহীন |
| খাস | ৭৩৮০ | ১৮৩২ | ০ | ১৮ | ৯২৩০ | ১৫ | ০ | ০ |
| অর্পিত | ৪০১ | ৫১ | ০ | ০ | ৪৫২ | ৭ | ০ | ০ |
| অন্যান্য | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| মোট | ৭৭৮১ | ১৮৮৩ | ০ | ১৮ | ৯৬৮২ | ২২ | ০ | ০ |

| জমির প্রকৃতি | অনিষ্পন্ন মামলার সংখ্যা | | | | মুলতবির আবেদন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ৬ মাস পর্যন্ত | ১২ মাস পর্যন্ত | ১২ মাসের উর্ধ্বে | সর্বমোট | সরকারের পক্ষে | সরকারের বিপক্ষে | অন্যান্য |
| খাস | ৭৪৫৭ | ৯২২ | ৮৩৬ | ৯২১৫ | ০ | ০ | ০ |
| অর্পিত | ৩০৩ | ৮৯ | ৫৩ | ৪৪৫ | ০ | ০ | ০ |
| অন্যান্য | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| মোট | ৭৭৬০ | ১০১১ | ৮৮৯ | ৯৬৬০ | ০ | ০ | ০ |

১৩.২ দেওয়ানী মামলা সংক্রান্ত (আপীল):

| জমির প্রকৃতি | বিগত মাস হতে আগত মামলার সংখ্যা | | আলোচ্য মাসে দায়েরকৃত | | মোট মামলার সংখ্যা | আলোচ্য মাসের নিষ্পত্তি | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | কৃষি | অকৃষি | সরকারের পক্ষে | সরকারের বিপক্ষে | | সরকারের পক্ষে | সরকারের বিপক্ষে | সরকারের স্বার্থবিহীন |
| খাস | ৫৩ | ১৩ | ০ | ০ | ৬৬ | ০ | ০ | ০ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| অর্পিত | ৩৫ | ১৫ | ০ | ০ | ৫০ | ০ | ০ | ০ |
| অন্যান্য | | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| মোট | ৮৮ | ২৮ | ০ | ০ | ১১৬ | ০ | ০ | ০ |

| জমির প্রকৃতি | অনিষ্পন্ন মামলার সংখ্যা | | | | মুলতবির আবেদন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ৬ মাস পর্যন্ত | ১২ মাস পর্যন্ত | ১২ মাসের উর্ধ্বে | সর্বমোট | সরকারের পক্ষে | সরকারের বিপক্ষে | অন্যান্য |
| খাস | ৩৬ | ১৬ | ১৪ | ৬৬ | ০ | ০ | ০ |
| অর্পিত | ১৫ | ১৪ | ২১ | ৫০ | ০ | ০ | ০ |
| অন্যান্য | | | | | ০ | ০ | ০ |
| মোট | ৫১ | ৩০ | ৩৫ | ১১৬ | ০ | ০ | ০ |

১৩.৩ দেওয়ানী মোকদ্দমার এস.এফ প্রেরণ:

| উপজেলার নাম | বিগত মাস হতে আগত | চলতি মাসে চাহিত | মোট | চলতি মাসে প্রেরণ কৃত | ০১-০৭-২৩ হতে পুঞ্জিভুত প্রেরণ | অবশিষ্ট |
|---|---|---|---|---|---|---|
| মৌলভীবাজার সদর | ১৩৯ | ১৫ | ১৫৪ | ৪৮ | ৪৮ | ১০৬ |
| রাজনগর | ১২ | ১২ | ২৪ | ৮ | ৮ | ১৬ |
| কুলাউড়া | ৬৪৪ | ৭৫ | ৭১৯ | ৯৪ | ৯৪ | ৬২৫ |
| জুড়ী | ১১৩ | ৬ | ১১৯ | ০ | ০ | ১১৯ |
| বড়লেখা | ৮৯ | ১৪ | ১০৩ | ৭ | ৭ | ৯৬ |
| শ্রীমঙ্গল | ১০৭ | ৩ | ১১০ | ৪ | ৪ | ১০৬ |
| কমলগঞ্জ | ৩০২ | ৩৫ | ৩৩৭ | ১৯ | ১৯ | ৩১৮ |
| **মোট** | **১৪০৬** | **১৬০** | **১৫৬৬** | **১৮০** | **১৮০** | **১৩৮৬** |

আলোচনা: দেওয়ানী মামলা নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। দ্রুত পেন্ডিং এস.এফসমূহ প্রস্তুত করে এ কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সকল সহকারী কমিশনার (ভূমি) কে নির্দেশনা প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) এস.এফ যথাযথভাবে প্রস্তুত করে সঠিক সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। এস.এফ এর তথ্যে সরকারি স্বার্থ বিরোধী কোন বক্তব্য আছে কিনা তা পরীক্ষা করতে হবে।<br>(খ) সরকারি স্বার্থ জড়িত মামলাসমূহে জোর প্রতিদ্বন্দ্বিতা করতে হবে।<br>(গ) সরকারের বিপক্ষে রায় হলে রায়ের বিপক্ষে আপিল করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল)/<br>সহকারী কমিশনার, আরএম শাখা/বিজ্ঞ সরকারি কৌসুলী |

**১৪. সার্টিফিকেট মামলা সংক্রান্ত:**

১৪.১ সাধারণ সার্টিফিকেট মামলা সংক্রান্ত:

| আদালতের নাম | গত মাস পর্যন্ত অনিষ্পন্ন মামলা সংখ্যা | চলতি মাসে দায়ের | মোট মামলার সংখ্যা | মোট দাবির পরিমাণ | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | আদায়ের পরিমাণ | জুলাই/২৩ হতে পুঞ্জিভূত আদায় | অনিষ্পন্ন মামলার সংখ্যা | দাবির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সার্টিফিকেট শাখা | ৪০২ | ১ | ৪০৩ | ১৭৪১৩২৫৮০ | ২ | ৩৮৭১৫৭ | ৩৮৭১৫৭ | ৪০১ | ১৭৩৭৪৫৪২৩ |
| মৌলভীবাজার সদর | ৩৭১ | ০ | ৩৭১ | ১৭৯৪১৩৮ | ১ | ৩৯৮৬৪ | ৩৯৮৬৪ | ৩৭০ | ১৭৫৪২৭৪ |
| রাজনগর | ২১৭ | ০ | ২১৭ | ৫৬৮৫৮৫৯ | ১ | ২৩৫০০০ | ২৩৫০০০ | ২১৬ | ৫৪৫০৮৫৯ |
| কুলাউড়া | ১৮৭ | ০ | ১৮৭ | ৫২২৬৭৯৪ | ০ | ০ | ০ | ১৮৭ | ৫২২৬৭৯৪ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বড়লেখা | ৭৬ | ০ | ৭৬ | ৩৭৪৪৮৫৪ | ১ | ৪৬৯৮ | ৪৬৯৮ | ৭৫ | ৩৭৪০১৫৬ |
| কমলগঞ্জ | ১৮৩ | ০ | ১৮৩ | ২৬২০২৬৯ | ০ | ০ | ০ | ১৮৩ | ২৬২০২৬৯ |
| শ্রীমঙ্গল | ৩৯২ | ০ | ৩৯২ | ১০৮২৪৫৩০ | ৩ | ১০১৭৩৫ | ১০১৭৩৫ | ৩৮৯ | ১০৭২২৭৯৫ |
| জুড়ী | ০৮ | ০ | ০৮ | ১০৫০৫৯৪ | ০ | ২০০০ | ২০০০ | ০৮ | ১০৪৮৫৯৪ |
| **মোট** | **১৮৩৬** | **১** | **১৮৩৭** | **২০৪৭৪৯৬১৮** | **৮** | **৭৭০৪৫৪** | **৭৭০৪৫৪** | **১৮২৯** | **২০৪৩০৯১৬৪** |

১৪.২ রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত:

| উপজেলার নাম | গত মাস পর্যন্ত অনাদায়ী টাকার পরিমাণ | গত মাস পর্যন্ত অনিষ্পন্ন মামলা সংখ্যা | চলতি মাসে দায়ের | চলতি মাসে দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট কেসের দাবির পরিমাণ | মোট মামলার সংখ্যা | মোট দাবির পরিমাণ | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | আদায়ের পরিমাণ | জুলাই/২৩ হতে পুঞ্জিভূত আদায়কৃত টাকার পরিমাণ | অনিষ্পন্ন মামলার সংখ্যা | অবশিষ্ট অনিষ্পন্ন মামলার অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সদর | ৫০২৭০ | ৩ | ১৭ | ২৮০৮৮৭ | ২০ | ৩৩১১৫৭ | ৫ | ৪৭৮১৯ | ৪৭৮১৯ | ১৫ | ২৮৩,৩৩৮ |
| রাজনগর | ২২৪৯৯৭ | ৪ | ৩ | ১৫৭৩১ | ৭ | ২৪০৭২৮ | ৩ | ১৫৭৩১ | ১৫৭৩১ | ৪ | ২২৪,৯৯৭ |
| কুলাউড়া | ১৫৬৮৬৯০২ | ৭ | ০ | ০ | ৭ | ১৫৬৮৬৯০২ | ০ | ০ | ০ | ৭ | ১৫,৬৮৬,৯০২ |
| জুড়ী | ০ | ০ | ৪ | ৩৪১৪৩ | ৪ | ৩৪১৪৩ | ৪ | ৩৪১৪৩ | ৩৪১৪৩ | ০ | ০ |
| বড়লেখা | ৯৯৬১ | ৩ | ২ | ৪৬৪০১ | ৫ | ৫৬৩৬২ | ২ | ৪৬৪০১ | ৪৬৪০১ | ৩ | ৯,৯৬১ |
| শ্রীমঙ্গল | ৯৮০৪৮ | ৫ | ০ | ০ | ৫ | ৯৮০৪৮ | ০ | ০ | ০ | ৫ | ৯৮,০৪৮ |
| কমলগঞ্জ | ১১৫৮৪৯ | ৭ | ১০ | ১৮৮৪৫১ | ১৭ | ৩০৪৩০০ | ১০ | ১৮৮৪৫১ | ১৮৮৪৫১ | ৭ | ১১৫,৮৪৯ |
| **মোট** | **১৬১৮৬০২৭** | **২৯** | **৩৬** | **৫৬৫৬১৩** | **৬৫** | **১৬৭৫১৬৪০** | **২৪** | **৩৩২৫৪৫** | **৩৩২৫৪৫** | **৪১** | **১৬৪১৯০৯৫** |

আলোচনা: ভূমি উন্নয়ন করের বকেয়া দাবির বিপরীতে আশানুরূপ রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের হচ্ছে না মর্মে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। জেনারেল সার্টিফিকেট ও রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি ও নতুন মামলা দায়েরের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) প্রত্যেক উপজেলার রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা যাচাই করে সঠিক তথ্য প্রেরণ করতে হবে এবং উপজেলা রাজস্ব সভায় আলোচনা করে মামলা নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) প্রত্যেক উপজেলার রেন্ট সার্টিফিকেট মামলা দায়েরের হার বৃদ্ধি করতে হবে।<br>(গ) প্রত্যাশী সংস্থার সাথে যোগাযোগপূর্বক দীর্ঘদিন ধরে অনিষ্পন্ন থাকা সাধারণ সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/<br>সহকারী কমিশনার (ভূমি) (সকল)/জেনারেল সার্টিফিকেট অফিসার, মৌলভীবাজার |

## ১৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আদালতের বিবিধ আপিল মামলা সংক্রান্ত তথ্য:

| আদালতের নাম | বিগত মাসের জের | আলোচ্য মাসে দায়ের | মোট মামলার সংখ্যা | আলোচ্য মাসে নিষ্পত্তি | ৬ মাসের নিম্নে অনিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | ২৬ | ৩ | ২৯ | ২ | ১২ |

| ৬ মাস হতে ১ বছরের মধ্যে অনিষ্পন্ন মামলা সংখ্যা | ১ বছর হতে ২ বছরের মধ্যে অনিষ্পন্ন মামলার সংখ্যা | ২ বছর হতে ৩ বছরের মধ্যে অনিষ্পন্ন মামলার সংখ্যা | ৩ বছরের উর্ধ্বে অনিষ্পন্ন মামলার সংখ্যা | মোট অনিষ্পন্ন মামলা সংখ্যা |
|---|---|---|---|---|
| ১০ | ৫ | ০ | ০ | ২৭ |

আলোচনা: রাজস্ব মিস আপিল মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক নিয়মিতভাবে আদালতে কার্যক্রম পরিচালনা করে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার |

**১৬. অবমূল্যায়ন মামলা:**

| বিগত মাসের জের | আলোচ্য মাসে দায়ের | মোট মামলা সংখ্যা | আলোচ্য মাসে নিষ্পত্তি | অনিষ্পন্ন মামলা |
|---|---|---|---|---|
| -- | -- | -- | -- | -- |

**১৭.অর্পিত সম্পত্তি প্রত্যর্পন মামলা সংক্রান্ত:**

| ক্রমিক | ট্রাইব্যুনালে দায়েরকৃত মামলার সংখ্যা (এ অফিসে প্রাপ্ত) | | | জবাব প্রেরণের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | পুঞ্জিভূত নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | পুঞ্জিভূত অনিষ্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | চলতি মাসের পূর্ব পর্যন্ত | চলতি মাসে দায়ের | মোট | | সরকার পক্ষে | সরকার বিপক্ষে | মোট | | | |
| ১. | ২২৬২ | ০০ | ২২৬২ | ১৮৬৩ | ৭ | ০ | ৭ | ১৮১৭ | ৪৪৫ | সরকার পক্ষে ১৪০২ সরকার বিপক্ষে ৪১৫ |

**১৮. বিবিধ:**

সহকারী কমিশনার (ভূমি) গণের ই-নথি আইডি সক্রিয়করণ ও হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) সহকারী কমিশনার (ভূমি)-গণ কর্তৃক ই-নথি ব্যবহার ও হালনাগাদ রাখা এবং মাসিক রুটিন প্রতিবেদনসহ সকল পত্রাদি ই-নথির মাধ্যমে প্রেরণ নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় এ জেলার রাজস্ব প্রশাসনের কার্যক্রম আরো গতিশীল, জনমুখী, স্বচ্ছতর করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

29.6.26

(ড. উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮৩২০২
ই-মেইল: dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪৬.৫৮০০.০০৯.২৭.০০১.২৩- ১২৩৬/১ তারিখ: ২৭/ ৮/২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩. মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫. উপ ভূমি সংস্কার কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৬. জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট জোন, সিলেট।
৭. উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
৮. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার।
৯. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা।
১০. ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/জেনারেল সার্টিফিকেট অফিসার, মৌলভীবাজার।
১১. সহকারী কমিশনার (ভূমি), মৌলভীবাজার সদর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা।
১২. সহকারী কমিশনার, .................. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
১৩. বিজ্ঞ সরকারী কৌসুলি/বিজ্ঞ ভিপি কৌসুলী, মৌলভীবাজার।
১৪. সহকারী সেটেলমেন্ট অফিসার, মৌলভীবাজার সদর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা।
১৫. হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), মৌলভীবাজার।
১৬. ওয়াকফ্ পরিদর্শক, মৌলভীবাজার।
১৭. জনাব .......................................................................................................।

২৭.৮.২০২৩

(সুকান্ত সাহা)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮২৭২৭
ই-মেইল: rdcmoulvibazar@mopa.gov.bd